

বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৪৭.১৮, ১০

তারিখঃ

১৭ পৌষ, ১৪২৫।
০২/০১/১৮

বিষয়ঃ রীট পিটিশন নং ১২০৮৯/২০১৮ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতিগঠনমূলক কর্মকাণ্ডে সংপৃক্তকরনের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াদীন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত ন্যাশন্যাল সার্ভিস কর্মসূচীর আওতায় কুড়িগ্রাম জেলার ভূরঙ্গামারী উপজেলাসহ অন্য উপজেলার মোট ৭৪ (চুয়াত্তর) জনকে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আন্ধারীঝাড় উচ্চ বিদ্যালয়সহ, বিভিন্ন সরকারী/রেজিঃ প্রাথমিক বিদ্যালয়, উপজেলা কৃষি বিভাগ, বিভিন্ন উপজেলা পরিষদ, কমিউনিটি ক্লিনিক, স্বতন্ত্র এবতেদায়ী/দাখিল মাদ্রাসা, বিভিন্ন কলেজ ও অন্যান্য বিভাগে উক্ত দপ্তরের নীতিমালা অনুযায়ী নির্ধারিত সেবার ক্ষেত্রসমূহে অস্থায়ীভাবে সহায়তাকারি হিসেবে সংযুক্তি প্রদান করা হয়। তাঁরা “প্রাথমিক শিক্ষক পুল নীতিমালা ২০১৪” অনুসরণে বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষকের শূণ্য পদে নিয়োগের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১২০৮৯/২০১৮ দায়ের করেছেন। রীট পিটিশনটিতে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে ১নং, সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে ২নং, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ৪নং, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে ৫নং রেসপনডেন্টসহ অন্যান্যদেরকে রেসপনডেন্ট করা হয়েছে।

২। রীট পিটিশনটিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াদীন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত ন্যাশন্যাল সার্ভিস কর্মসূচীর আওতায় উক্ত দপ্তরের নীতিমালা অনুযায়ী নির্ধারিত সেবার ক্ষেত্রসমূহে অস্থায়ীভাবে সহায়তাকারি হিসেবে সংযুক্তি প্রদান করা হয় এবং বিষয়টি উক্ত মন্ত্রণালয়ের আওতাধীন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এখতিয়ারাধীন নয়।

৩। বর্ণিত অবস্থায়, রীট পিটিশনটি সরকার পক্ষে পরিচালনার নিমিত্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে অনুরোধের জন্য রীট পিটিশনটির আরজির কপি মহোদয়ের বরাবর সবিনয়ে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ১। আরজির কপি।

মোট- ১০৮ পাতা।



ড. মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০১